দামুড়হুদায় পাবলিক টয়লেট থেকে যুবকের মরদেহ উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা বাসস্ট্যান্ডের একটি পাবলিক টয়লেট থেকে ফরিদ উদ্দীন খান (৪৫) নামে এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা মডেল থানা পুলিশ মরদেহটি উদ্ধার করে।

নিহত ফরিদ উদ্দীন খান দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের চারুলিয়া গ্রামের খানপাড়ার মৃত শিক্ষক নজরুল ইসলামের ছেলে। তিনি ঢাকায় কর্মরত ছিলেন। ব্যক্তিগত জীবনে তিনি এক ছেলে ও এক মেয়ের জনক।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ফরিদ উদ্দীন খানের ৯০ বছর বয়সী মা অসুস্থ হয়ে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন ছিলেন। মায়ের অসুস্থতার খবর পেয়ে তিনি ঢাকায় কর্মস্থল থেকে গ্রামের উদ্দেশ্যে রওনা হন। বৃহস্পতিবার সকালে দামুড়হুদা বাসস্ট্যান্ডে পৌঁছে একটি পাবলিক টয়লেটে প্রবেশ করেন।

দীর্ঘ সময় বের না হওয়ায় স্থানীয়দের সন্দেহ হলে বিষয়টি পুলিশকে জানানো হয়। পরে পুলিশ গিয়ে টয়লেটের ভেতর থেকে তার মরদেহ উদ্ধার করে।

প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তিনি স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। তবে মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত করতে প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে।

স্থানীয়রা জানান, মায়ের সঙ্গে দেখা করার আকুলতা নিয়েই তিনি ঢাকা থেকে ছুটে এসেছিলেন। কিন্তু নিয়তির নির্মম পরিহাস, মায়ের সঙ্গে আর তার দেখা হলো না। হাসপাতালে চিকিৎসাধীন মা অপেক্ষা করছিলেন সন্তানের জন্য, আর স্বজনরা গ্রহণ করলেন তার নিথর দেহ।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবাহ উদ্দিন বলেন, “ফরিদ উদ্দীন বৃহস্পতিবার সকালে ঢাকা থেকে দামুড়হুদা বাসস্ট্যান্ডে পৌঁছান। পরে পাবলিক টয়লেটে প্রবেশের পর অসুস্থ হয়ে মারা যান বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় প্রয়োজনীয় প্রক্রিয়া শেষে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।”

দামুড়হুদায় জেলা পরিষদের প্রশাসক শরীফকে সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা পরিষদের নবনিযুক্ত প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফকে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল রোববার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদা অডিটোরিয়াম হলে জাতীয়তাবাদী শ্রমিক দল দামুড়হুদা থানা, দর্শনা থানা, জীবননগর থানা, দর্শনা পৌর, জীবননগর পৌর ও কেরু অ্যান্ড কোম্পানি শাখার যৌথ আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা পরিষদের নবনিযুক্ত প্রশাসক শরীফুজ্জামান শরীফ বলেন, “সকল ভেদাভেদ ভুলে গিয়ে দলকে সুসংগঠিত করতে ঐক্যের কোনো বিকল্প নেই। তাই এক ছায়াতলে থেকে বিএনপিকে এগিয়ে নিয়ে যেতে হবে। দলের ভেতরে কাদা ছোড়াছুড়ি বন্ধ করতে হবে। সামনে স্থানীয় সরকার নির্বাচন আসছে। এ নির্বাচনে দল যাকেই সমর্থন দেবে, তার পক্ষেই সবাইকে কাজ করতে হবে। কোনোভাবেই হার মানা যাবে না।”

তিনি আরও বলেন, “সারা বাংলাদেশের ন্যায় চুয়াডাঙ্গা জেলাতেও শ্রমিক দল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। জেলার বিভিন্ন স্থানে তৃণমূল পর্যায়ে শ্রমিক দলের কমিটি গঠন করা হচ্ছে। পরবর্তীতে নেতৃত্ব দেওয়ার যোগ্য ও দক্ষ ব্যক্তিদের মূল্যায়ন করে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে।”

জেলা জাতীয়তাবাদী শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম তরফদার সাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পিটু ও খালিদ মাহমুদ মিল্টন, দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, দামুড়হুদা উপজেলা শ্রমিক দলের সভাপতি আশাদুল ইসলাম আসাদ, সহ-সভাপতি রোকনুজ্জামান তোতাম, সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক জহুরুল ইসলাম, জীবননগর উপজেলা শ্রমিক দলের সভাপতি হাবীবুর রহমান হেবা ও সাধারণ সম্পাদক রবগুল ইসলাম, জীবননগর পৌর শ্রমিক দলের সভাপতি রকিবুল ইসলাম ও সাধারণ সম্পাদক আবু সাঈদ, দর্শনা থানা শ্রমিক দলের নেতা আবু সাঈদ আহমেদ ফারুক, সাইদুর রহমান, আব্দুর রাজ্জাক, লিটন, জাহাঙ্গীর, অরুণ, বাবুল আক্তার, আতিয়ার রহমান, সিদ্দিক, ইনামুলসহ জাতীয়তাবাদী শ্রমিক দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

দামুড়হুদায় বিজ্ঞান প্রকল্প ও উদ্ভাবনী ধারণা প্রদর্শনী অনুষ্ঠিত

‘মেধা, বিজ্ঞান, উদ্ভাবনের দেশ সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যে দামুড়হুদা উপজেলায় স্টার্টআপ, সায়েন্স প্রজেক্ট অ্যান্ড ইনোভেশন আইডিয়া শোকেসিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ অডিটোরিয়াম হলে উপজেলা প্রশাসনের আয়োজনে এ প্রদর্শনীর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী শিক্ষক শফিকুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ এস এম শাহ্ আলম, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামছুজোহা পলাশ, উপজেলা একাডেমিক

সুপারভাইজার রাফিজুল ইসলাম, জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক মুতাসিম বিল্লাহ্, উপজেলা আইসিটি শিক্ষা কর্মকর্তা আরিফুল ইসলাম এবং দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম।

জানা যায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে এবং এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিমের (EESS) সহযোগিতায় আয়োজিত এ অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তাদের বিজ্ঞানভিত্তিক প্রকল্প, স্টার্টআপ ধারণা ও উদ্ভাবনী উদ্যোগ উপস্থাপন করে।

প্রদর্শনীতে শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন। এ সময় অতিথিরা বিভিন্ন স্টল পরিদর্শন করে শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প সম্পর্কে খোঁজখবর নেন এবং তাদের সৃজনশীল উদ্যোগের প্রশংসা করেন।

প্রদর্শনীতে প্রথম স্থান অর্জন করে দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুল, দ্বিতীয় হয় রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুল এবং তৃতীয় স্থান লাভ করে কেরু উচ্চ বিদ্যালয়।

আয়োজকরা জানান, শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানচর্চা, গবেষণা ও প্রযুক্তিনির্ভর উদ্ভাবনী চিন্তার বিকাশ ঘটানোর পাশাপাশি ভবিষ্যৎ উদ্যোক্তা তৈরিতে এ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। উপজেলা পর্যায়ে নির্বাচিত সেরা প্রকল্পগুলো পরবর্তীতে জেলা ও জাতীয় পর্যায়ে অংশগ্রহণের সুযোগ পাবে।

অতিথিরা বলেন, চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় তরুণ প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষা এবং উদ্ভাবনী কর্মকাণ্ডে সম্পৃক্ত করার বিকল্প নেই। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মেধা বিকাশ ও সৃজনশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

দামুড়হুদায় অ্যাপোলো ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারে লক্ষাধিক টাকা জরিমানা

রোগীর অস্ত্রোপচার মাঝপথে বন্ধ রেখে চিকিৎসকের চলে যাওয়া এবং স্বাস্থ্যসেবার নির্ধারিত নিয়ম-নীতি না মানার অভিযোগে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা অ্যাপোলো ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারে অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগের যৌথ টিম।

বৃহস্পতিবার দুপুরে পরিচালিত এ অভিযানে অভিযোগের সত্যতা পাওয়া যায়।

অভিযোগ সূত্রে জানা যায়, গত ৫ জুন কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর নতুন গ্রামের শরীফ উদ্দীনের স্ত্রী মুসলিমা খাতুন জরায়ুর টিউমার অপসারণের জন্য ক্লিনিকটিতে ভর্তি হন।

অভিযোগ রয়েছে, রিচার্ড সরেন নামে এক চিকিৎসক অ্যানেসথেসিয়া বিশেষজ্ঞ চিকিৎসকের উপস্থিতি ছাড়াই অস্ত্রোপচার শুরু করেন। একপর্যায়ে অপারেশন অসমাপ্ত রেখেই তিনি চলে যান। পরে রোগীকে মুমূর্ষু অবস্থায় চুয়াডাঙ্গায় নেওয়া হলে সেখানে অস্ত্রোপচার সম্পন্ন করা হয়।

এ ঘটনার ভিত্তিতে পরিচালিত অভিযানে ক্লিনিকটিতে বিভিন্ন অনিয়মের প্রমাণ পাওয়া যায়। ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে প্রতিষ্ঠানটিকে ১ লাখ টাকা জরিমানা করা হয় এবং পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ক্লিনিকটি বন্ধ করে দেওয়া হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমান। তিনি জানান, অভিযোগের তদন্তে দেখা গেছে, মুসলিমা খাতুনের অস্ত্রোপচারের সময় অ্যানেসথেসিয়া বিশেষজ্ঞ চিকিৎসক উপস্থিত ছিলেন না। অভিযুক্ত চিকিৎসক নিজেই স্পাইনাল অ্যানেসথেসিয়া প্রয়োগ করে অস্ত্রোপচার শুরু করেন। পেটের অংশ (অ্যাবডোমেন) খোলার পর রোগী

অ্যানেসথেটিক জটিলতায় পড়লে পরিস্থিতির অবনতি ঘটে।

তিনি আরও বলেন, “ঘটনাটি গুরুতর অনিয়মের শামিল। অভিযোগের সত্যতা পাওয়ায় ক্লিনিকটির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, লাইসেন্স বাতিলসহ প্রয়োজনীয় অন্যান্য আইনি প্রক্রিয়া গ্রহণের জন্য সুপারিশ করা হবে। কাগজপত্র ও সার্বিক সুবিধা পর্যালোচনার পর পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।”

মোবাইল কোর্ট পরিচালনাকারী দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শাহীন আলম বলেন, “ক্লিনিক, ল্যাব ও ডায়াগনস্টিক সেন্টার পরিচালনার জন্য যে মানদণ্ড ও অবকাঠামো থাকার কথা, তার কোনোটিই প্রতিষ্ঠানটি পূরণ করতে পারেনি। একজন রোগীর জীবন ঝুঁকির মুখে ফেলার মতো ঘটনা ঘটেছে। এর আগেও তাদের সতর্ক করা হয়েছিল, কিন্তু তারা তা আমলে নেয়নি। তাই ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ১ লাখ টাকা জরিমানা করা হয়েছে এবং পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ক্লিনিকটি বন্ধ থাকবে।”

অভিযানকালে কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল উপস্থিত ছিলেন।

স্থানীয়দের দাবি, এর আগেও ক্লিনিকটিকে বিভিন্ন অনিয়মের কারণে জরিমানা করা হয়েছিল। কিন্তু কর্তৃপক্ষ কোনো ধরনের সংশোধনমূলক পদক্ষেপ নেয়নি।

তাদের অভিযোগ, প্রতিষ্ঠানটি রোগীদের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে এবং সেবার চেয়ে ব্যবসাকেই বেশি গুরুত্ব দিচ্ছে। এ কারণে ক্লিনিকটি স্থায়ীভাবে বন্ধের দাবি জানিয়েছেন এলাকাবাসী ও সচেতন মহল।

দামুড়হুদায় ১০ দিনের সফট স্কিলস প্রশিক্ষণ শুরু

বাংলাদেশের প্রান্তিক পেশাজীবী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন (২য়

ফেজ) শীর্ষক প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় প্রান্তিক পেশাজীবীদের ১০ দিনের পেশাভিত্তিক সফট স্কিলস প্রশিক্ষণ শুরু হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টায় উপজেলা পরিষদের হলরুমে এ প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়, যা চলবে আগামী ২২ জুন পর্যন্ত।

উপজেলা সমাজসেবা কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গার আয়োজনে এবং উপজেলা নির্বাহী অফিসার শাহীন আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকার উপপরিচালক মো. আব্দুল হামিদ। বিশেষ অতিথি ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গার সহকারী পরিচালক মো. আইনাল হক।

১০ দিনের পেশাভিত্তিক সফট স্কিলস প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থী অফেরতযোগ্য ২৮ হাজার টাকা করে অনুদান পাবেন।

অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা করেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হোসেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়নের ইউপি সদস্য আব্দুল হান্নান আর নেই

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য ও হাউলী ইউনিয়ন কৃষকদলের সভাপতি আব্দুল হান্নান (হান্নান) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। তাঁর মৃত্যুতে বিভিন্ন মহল শোক প্রকাশ করেছে।

পারিবারিক ও স্থানীয় সূত্রে জানা গেছে, তিনি হাউলী ইউনিয়নের পুরাতন বাস্তপুর গ্রামের আক্কাচ গোয়ালার ছেলে। দীর্ঘদিন ধরে অসুস্থ থাকায় তাঁকে ঢাকার নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়।

সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল মঙ্গলবার দুপুর আনুমানিক ২টার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মরহুম আব্দুল হান্নান হাউলী ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের নির্বাচিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করছিলেন। পাশাপাশি তিনি হাউলী ইউনিয়ন কৃষকদলের সভাপতির দায়িত্বেও ছিলেন। তাঁর মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। রাজনৈতিক, সামাজিক এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, আত্মীয়-স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বুধবার সকাল ৯টায় নিজ গ্রাম পুরাতন বাস্তপুর কবরস্থানে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। জানাজা শেষে সেখানেই তাঁর দাফন সম্পন্ন করা হবে।

আল্লাহ তাআলা মরহুমকে জান্নাতুল ফেরদাউস নসিব করুন এবং শোকসন্তপ্ত পরিবারকে এ শোক সইবার তৌফিক দান করুন।

দামুড়হুদায় ৭ পিস ইয়াবাসহ মাদক কারবারি গ্রেফতার

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ৭ পিস ইয়াবা ট্যাবলেটসহ এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। গ্রেফতারকৃত আসামিকে গতকাল মঙ্গলবার চুয়াডাঙ্গা জেলা আদালতে সোপর্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত ব্যক্তি হলেন উপজেলার কালিয়াবকরী বসতিপাড়ার মজিবর রহমানের ছেলে লিটন আলী (৪০)।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সোমবার বিকেলে দামুড়হুদা মডেল থানার বেড়বাড়ীয়া গ্রামের আদম মোড়ে নাজমুলের দোকানের সামনে পাকা রাস্তার ওপর থেকে তাকে

গ্রেফতার করা হয়। এ সময় তার হেফাজত থেকে ৭ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। পরবর্তীতে প্রয়োজনীয় আইনানুগ প্রক্রিয়া শেষে তাকে চুয়াডাঙ্গা জেলা আদালতে প্রেরণ করা হয়।

দামুড়হুদা মডেল থানা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, মাদক নির্মূল এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি (তদন্ত) সুলতান মাহমুদ বলেন, “ইয়াবাসহ একজনকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার তাকে চুয়াডাঙ্গা জেলা আদালতে সোপর্দ করা হয়েছে। মাদকের বিরুদ্ধে আমাদের অভিযান চলমান রয়েছে।”

দামুড়হুদায় ওষুধ আইনের লঙ্ঘনে ৩ জনকে জরিমানা

জনস্বাস্থ্য সুরক্ষা এবং ওষুধ বিক্রিতে শৃঙ্খলা নিশ্চিত করতে চুয়াডাঙ্গার দামুড়হুদা সদর ও কার্পাসডাঙ্গা ইউনিয়নে মোবাইল কোর্ট পরিচালনা করেছে উপজেলা প্রশাসন।

গতকাল মঙ্গলবার পরিচালিত এ অভিযানে বিভিন্ন অনিয়মের দায়ে ৩ ব্যক্তিকে মোট ৭ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে।

উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহীন আলমের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে জেলা ঔষধ পরিদর্শক উপস্থিত থেকে সার্বিক কার্যক্রম তদারকি করেন।

অভিযান চলাকালে বিভিন্ন ফার্মেসিতে অনুমোদনবিহীন ওষুধ সংরক্ষণ, স্যাম্পল ওষুধ বিক্রি ও প্রদর্শন এবং অ্যান্টিবায়োটিক বিক্রির ক্ষেত্রে বাধ্যতামূলক রেজিস্টার সংরক্ষণ না করার মতো নানা অনিয়ম

ধরা পড়ে। পরে যাচাই-বাছাই শেষে ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ অনুযায়ী সংশ্লিষ্ট ৩ ব্যক্তিকে মোট ৭ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় জেলা ঔষধ পরিদর্শক ফার্মেসি মালিকদের উদ্দেশে বলেন, সরকার নির্ধারিত নিয়ম-কানুন মেনে ওষুধ বিক্রি করতে হবে। অনুমোদনবিহীন ওষুধ বিক্রি এবং রেজিস্টারবিহীনভাবে অ্যান্টিবায়োটিক বিতরণ জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ। এ ধরনের অনিয়মের বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি সতর্ক করেন।

উপজেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, ওষুধ ব্যবসায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে ভবিষ্যতেও এ ধরনের মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। একই সঙ্গে সাধারণ জনগণকে অনুমোদিত ফার্মেসি থেকে ওষুধ ক্রয়ের মাধ্যমে সচেতন ভূমিকা পালনের আহ্বান জানানো হয়েছে।

নিষিদ্ধ ছাত্রলীগের মশাল মিছিলের প্রতিবাদে দামুড়হুদায় বিএনপির মিছিল ও সমাবেশ

দামুড়হুদা উপজেলায় নিষিদ্ধ ছাত্রলীগের মশাল মিছিলের প্রতিবাদে উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের উদ্যোগে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে দলীয় কার্যালয় থেকে একটি প্রতিবাদ মিছিল বের হয়ে উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বাসস্ট্যান্ড এলাকায় গিয়ে শেষ হয়। পরে সেখানে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বিএনপির নেতৃবৃন্দ অভিযোগ করেন, শান্ত পরিবেশকে অস্থিতিশীল করার উদ্দেশ্যে মশাল মিছিল করা হয়েছে। তারা এ ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবি জানান। অন্যথায় বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলেও

হুঁশিয়ারি দেন তারা।

বক্তারা জানান, গত বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুর নেতৃত্বে চিৎলা থেকে হাতিভাঙ্গা যাওয়ার পথে ঝাউবিবি মাঠ এলাকায় একটি মশাল মিছিল বের করা হয় এবং এর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়। এর প্রতিবাদে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা এ কর্মসূচির আয়োজন করেন।

সমাবেশে দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, “শান্ত পরিবেশকে অশান্ত করার লক্ষ্যে আগুন নিয়ে মিছিল বের করে পরিবেশ নষ্ট করার অপচেষ্টা করা হচ্ছে। তাই দ্রুত জড়িতদের আইনের আওতায় আনার জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানাচ্ছি।”

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, চুয়াডাঙ্গা জেলা যুবদলের সদস্য সচিব সাইফুর রহমান ঝন্টু, দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

দামুড়হুদায় ৪৫ পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার, স্ত্রী পলাতক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হোগলডাঙ্গা মাঝেরপাড়া গ্রামে অভিযান চালিয়ে ৪৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

এ সময় তার স্ত্রীসহ আরও ২-৩ জন সহযোগী পালিয়ে যায়।

গ্রেফতারকৃত ব্যক্তি উপজেলার হোগলডাঙ্গা (মাঝেরপাড়া) গ্রামের